



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পটুয়াখালী

এবং

চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নম্বর
পটুয়াখালী জেলা রাজস্ব প্রশাসনের কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
উপক্রমণিকা	৪
সেকশন-১: রূপকল্প(Vision), অভিলক্ষ্য(Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	৫
সেকশন-২: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কর্মসম্পাদন সূচক, কার্যক্রম এবং লক্ষ্যমাত্রাসমূহ	৬
সংযোজনী-১: শব্দসংক্ষেপ (Acronyms)	১২
সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি	১৩
সংযোজনী-৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা	১৬



পটুয়াখালী জেলা রাজস্ব প্রশাসনের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of Revune Administration of Patuakhali District)

সাম্প্রতিক বছরসমূহের (বিগত ৩ বছর) প্রধান অর্জনসমূহ

পটুয়াখালী জেলার ভূমি ব্যবস্থাপনাসহ ভূমি সংক্রান্ত আইন কানূনের যথাযথ প্রয়োগ এবং ভূমি রাজস্ব আদায়ের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জনের অংশ হিসেবে বিগত তিনবছরে ৮,৬৫,০১,৯৬০/- টাকা ভূমি উন্নয়ন করা আদায় করা হয়েছে। ভূমি রাজস্ব প্রশাসনে কর্মরত ১০২ জন কর্মকর্তা ও কর্মচারীকে বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। এছাড়া ২৬,৫২০ টি মিউটেশন মোকদ্দমা নিষ্পত্তি, ২২,২৭২ টি মিউটেশন সংশ্লিষ্ট রেকর্ড হাল নাগাদ এবং ৫৪৩ টি রেন্ট সার্টিফিকেট মোকদ্দমা নিষ্পত্তি করা হয়েছে। উপজেলা ভূমি অফিসসমূহে জনসাধারণের ভোগান্তি লাঘবে উপজেলা ভূমি অফিস প্রাঙ্গনে সিটিজেন চার্টার ও হেল্পডেস্ক স্থাপন করা হয়েছে। উপজেলা ভূমি অফিসসমূহের নিরাপত্তা তথা ভূমি সংক্রান্ত তথ্য ও রেকর্ড সঠিকভাবে সংরক্ষণের জন্য আউটসোর্সিং এর মাধ্যমে ০৮ জন নিরাপত্তা প্রহরী নিয়োগ দেওয়া হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

পটুয়াখালী জেলার সর্বমোট ০৫ টি পৌরসভা এবং ৭৬ টি ইউনিয়নের মধ্যে ১ টি পৌর ভূমি অফিস ও ৩০ টি ইউনিয়ন ভূমি অফিস থাকায় সুষ্ঠু ভূমি ব্যবস্থাপনা কার্যক্রম ব্যহত হচ্ছে। এছাড়া বিদ্যমান ইউনিয়ন ভূমি অফিসসমূহে ব্যবহারযোগ্য ভৌত অবকাঠামো, আইটি সংক্রান্ত প্রশিক্ষিত জনবল না থাকা এবং পর্যাপ্ত লজিস্টিক সাপোর্ট ও জনবলের স্বল্পতার কারণে অফিসের কার্যক্রম পরিচালনা ব্যহত হচ্ছে।

ভবিষ্যৎ পরিকল্পনা

ভূমি উন্নয়ন কর নির্ধারণ ও আদায় প্রক্রিয়া সহজ ও জনবান্ধব করার লক্ষ্যে উপজেলা পর্যায়ের অফিস সমূহে One Stop Service চালু করা হবে। আগামী ২০১৬-২০১৭ অর্থবছরে ৯,৫০০ টি মিউটেশন মোকদ্দমা নিষ্পত্তি করা হবে। জেলার সকল কৃষি খাসজমি বন্দোবস্ত কেসের নথিসমূহ সুসজ্জিত করে একটি ডাটাবেজ তৈরি করা হবে।

চলমান ২০১৬-২০১৭ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- ❖ ৯,৫০০ টি মিউটেশন মোকদ্দমা নিষ্পত্তির মাধ্যমে ৮,৮৫৫ টি মিউটেশন সংশ্লিষ্ট খতিয়ান হাল নাগাদ করা হবে।
- ❖ ভূমি উন্নয়ন কর ও কর বর্হিভূত রাজস্বের বিভিন্ন খাত হতে মোট ৬ কোটি টাকা আদায় করা হবে।
- ❖ ২২০ টি রেন্ট সার্টিফিকেট মোকদ্দমা, ৩০০ টি মিস কেস নিষ্পত্তি করা হবে।
- ❖ রাজস্ব প্রশাসনে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা হবে।

